

त्रिसङ्ग

TRISANGAM INTERNATIONAL REFEREED JOURNAL

A Peer Reviewed Research Journal on Language, Literature & Culture's

Volume : 3, Issue : I, 26th January, 2023

Editor in Chief

Prof. Dipak Kumar Roy

Associate Editor

Mr. Prasenjit Roy

Additional services & information for
TRISANGAM INTERNATIONAL REFEREED JOURNAL

Can be found at:

Journal IMPACT FACTOR: <http://sjifactor.com/passport.php?id=22427>

Journal DOI: <http://doi.one/10.1750/TIRJ>

About the Journal: <https://tirj.org.in/about-us/>

Journal Editorial Board: <https://tirj.org.in/editorial-board/>

Submission Guidelines: <https://tirj.org.in/author-guidelines/>

Contact: <https://tirj.org.in/contact-us/>

Published by

TIRJ

TRISANGAM INTERNATIONAL REFEREED JOURNAL

A Peer Reviewed Research Journal on Language, Literature & Culture's

The online version of this article can be found at: <https://tirj.org.in/>

Office: Shiv mandir, (Near NBU Campus), Siliguri, Darjeeling, West Bengal, India -734011

Contact email: trisangamirj@gmail.com / tirj.org.in@gmail.com Phone: +918016929279

Associate Editor: Mr. Prasenjit Roy, Assistant Editor: Mr. Bikash Narjinary



This work is licensed under a Creative Commons Attribution-NonCommercial 4.0 International License.
(CC BY-NC 4.0)



Trisangam International Refereed Journal (TIRJ)
A Peer Reviewed Research Journal on Language, Literature & Culture's
Volume – 3, Issue-I, published on January 2023, Page No. 219–229
Website: <https://www.tirj.org.in>, Mail ID: trisangamirj@gmail.com
e ISSN : 2583 – 0848

Annexure-24

রাষ্ট্রচিন্তায় 'ব্যক্তি' ও 'সমষ্টি' : বিবেকানন্দের 'ব্যক্তিস্বাধীনতা ভিত্তিক সমাজতন্ত্র'-র একটি অনুসন্ধান

কৌশিক চক্রবর্তী

সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ

খড়গপুর কলেজ, পশ্চিম মেদিনীপুর

ইমেইল : kchakraborty.iu@gmail.com

Keyword

ব্যক্তিস্বাধীনতা, সমাজতন্ত্র, বৈচিত্র্য, বিশেষাধিকার, মানবিক মর্যাদা, ব্যক্তি-সমষ্টি, একত্ব।

Abstract

ব্যক্তির জন্য সমষ্টি, না কি, সমষ্টির জন্য ব্যক্তি— রাষ্ট্র চিন্তা বরাবর এই প্রশ্নকে কেন্দ্রে রেখেই আবর্তিত হয়েছে, হয়ে চলেছে। ইতিহাস এ সাক্ষ্যই দিচ্ছে যে, একইসাথে ব্যক্তি ও সমষ্টির উপর সমান গুরুত্ব আরোপ পাশ্চাত্যের রাষ্ট্রচিন্তায় খুঁজে পাওয়া অত্যন্ত কঠিন এবং ভারতীয় রাষ্ট্রচিন্তায়, উপমহাদেশের ইতিহাস জনিত কারণে, এই জাতীয় ভাবনার যথার্থ প্রেক্ষিতই তৈরি হয়নি। এমনকি, বাংলার নবজাগরণের যে যুক্তিবাদ কিংবা মানবতাবাদের ধারণা, স্পষ্টভাবেই তা কিন্তু ব্যক্তিস্বাতন্ত্র্যবাদের পরিসর তৈরি করেছে। কিন্তু ব্যতিক্রম যে ছিল না, তা নয়। স্বামী বিবেকানন্দের ভাবনায় সেই ব্যতিক্রমী ভাব পাওয়া সম্ভব। একদিকে নবজাগরণ এবং অন্যদিকে শ্রীরামকৃষ্ণ তথা প্রাচীনভারতের 'oneness' এর বোধ যার সত্ত্বা নির্মাণ করেছিল, সেই বিবেকানন্দ কিভাবে ব্যক্তি ও সমষ্টিকে একে অপরে পরিপূরক ভাবেন এবং কেন তিনি একটিকে অন্যটির জন্য অপরিহার্য বলে মনে করেছেন তার বিস্তারিত আলোচনাই এই প্রবন্ধের উদ্দেশ্য।

Discussion

স্বামী বিবেকানন্দ সমাজতন্ত্রকে অভিনন্দন জানিয়েছেন আবার ব্যক্তিস্বাধীনতাকেও দ্বিধাহীনভাবে সমর্থন করেছেন। বিবেকানন্দের কাছে রাষ্ট্রচিন্তার পরস্পর বিরোধী দুই তত্ত্ব একই সঙ্গে গুরুত্ব তো পেয়েইছে উপরন্তু কিভাবে এই দুই পরস্পর বিরোধী তত্ত্ব যুগপৎ কার্যকরী হতে পারে - তারও দিকনির্দেশ করেছেন তিনি। রাষ্ট্রচিন্তার ইতিহাসে এদিক থেকে তিনি নিঃসন্দেহে অনন্য কেননা, ব্যক্তি ও সমষ্টিকে একই সঙ্গে প্রাধান্য দেওয়ার প্রবনতা গ্রীক রাষ্ট্র চিন্তার পর আর দেখা যায় নি।

কিন্তু গ্রীক রাষ্ট্রচিন্তা যে ব্যক্তিস্বাধীনতা এবং রাষ্ট্র ও ব্যক্তির মধ্যে প্রভেদ না করার নীতি অনুসরণ করেছিল তার সুফল পাওয়া যায় নি। এরিস্টটল যতই বলুন, মানুষকে তার পূর্ণতার চূড়ান্ত পর্যায়ে উন্নীত করতে হলে তাকে